

অনুশীলনী পত্র-৩  
শ্রেণি:ষষ্ঠ

বিষয়:বাংলা ১ম পত্র

তারিখ:২৭/৯/২০

**অধ্যায়:আসমানি (চারুপাঠ)**

**সৃজনশীল প্রশ্নোত্তর লেখ:**

১. বিধবা রহিমার অভাব-অনটনের সংসার। গত বছর তিন-তিনটি কন্যাসন্তান রেখে তার স্বামী মারা যান। নুন আনতে পানতা ফুরায়। এমন অবস্থার পাশাপাশি রোগ-ব্যাদি তাদের নিত্যসঙ্গী। রহিমা নিজে না খেয়ে চেষ্টা করেন সন্তানদের দুবেলা দুমুঠো খাওয়ানোর। কিন্তু আজ সে চেষ্টাও বৃথা হতে চলেছে হঠাৎ রহিমার যক্ষ্মা ধরা পড়ায়। কোনো উপায় না দেখে শহরে একটি বাড়িতে কাজ করতে পাঠায় বড় মেয়েটিকে। মেয়েটি প্রথমে মাকে ফেলে যেতে রাজি না হলেও পরে কী যেন ভেবে রাজি হয়।

ক) আসমানিদের বাড়ির ধারের পুকুরে কী বাস করে?

খ) ‘সাক্ষী দেছে অনাহারে কদিন গেছে তার’—এই চরণ দ্বারা কী বোঝানো হয়েছে?

গ) উদ্দীপকের বক্তব্যের সাথে ‘আসমানি’ কবিতার মূল বক্তব্যের কোন দিক দিয়ে সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর।

ঘ) ‘নুন আনতে পানতা ফুরায়। এমন অবস্থার পাশাপাশি রোগ-ব্যাদি তাদের নিত্যসঙ্গী’—‘আসমানি’ কবিতার আলোকে উক্তিটি বিশ্লেষণ কর।

২. গ্রামের দরিদ্র কৃষক লালচাঁন মিয়া। বিঘে তিনেক জমি বর্গা চাষ করেন। পর-পর দুবছর বন্যা আর খরায় সে জমিতে ফসল ফেলেনি। পরিবারকে দু-বেলা পেট ভেঙে খেতে দিতে পারে না। না খেতে পেয়ে সন্তানদের চোখ কটরে ঢুকে গেছে, বুকুর পাজর গোনা যায়। একটি মাত্র মাটির ঘর, তারও আবার ছাউনি নষ্ট হওয়ার উপক্রম। বৃষ্টি বাদলার রাতে ঘরের কোণে বসে রাত কাটাতে হয়। লালচাঁন মিয়ার মতো মানুষগুলোর অভাব যেন পিছু ছাড়ে না।

ক) আসমানিদের গ্রামের নাম কী?

- খ) মিষ্টি তাহার মুখটি হতে হাসির প্রদীপ-রাশি, থাপড়েতে নিবিয়ে গেছে দারুণ অভাব আসি।-  
এই চরণ দুটি দ্বারা কী বুঝানো হয়েছে?
- গ) আসমানিদের ঘরের সাথে লালচাঁন মিয়ার ঘরটির সাদৃশ্য ব্যাখ্যা কর ।
- ঘ) ‘লালচাঁন মিয়ার মতো মানুষগুলোর অভাব যেন পিছু ছাড়ে না’ আসমানি কবিতার আলোকে বিশ্লেষণ কর ।